



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা-১২১৫।
www.dae.gov.bd

কৃষিই সমৃদ্ধি

নং- ১২.০১.০০০০.৮৩১.৪২.০০১.২৩. ২১২৭

তারিখ: ২৬ সেপ্টেম্বর ২০২৪

অফিস আদেশ

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিম্নেবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে ডিএই ইনোভেশন টিম নিম্নরূপে পুনর্গঠন করা হলো।

ক্রম	পদবী	কমিটিতে অবস্থান
১	পরিচালক, প্রশাসন ও অর্থ উইং	সভাপতি এবং ইনোভেশন অফিসার
২	উপ-পরিচালক (সার্ভিলেন্স এন্ড ফোরকাস্টিং), উদ্ভিদ সংরক্ষণ উইং	সদস্য
৩	উপপরিচালক (ডিপ্লোমা এডুকেশন), প্রশিক্ষণ উইং	সদস্য
৪	উদ্যান উন্নয়ন কর্মকর্তা, হটিকালচার উইং	সদস্য
৫	সহকারী পরিচালক (অর্থ), প্রশাসন ও অর্থ উইং	সদস্য
৬	অতিরিক্ত উপপরিচালক (পার্সোনেল), প্রশাসন ও অর্থ উইং	সদস্য
৭	প্রোগ্রামার, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং	সদস্য
৮	সহকারী প্রোগ্রামার, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং	সদস্য
৯	উপপরিচালক (আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং	সদস্য সচিব

ডিএই-ইনোভেশন টিমের কর্মপরিধিঃ

১. ডিএই ইনোভেশন ল্যাব স্থাপন ও কৃষি ইনোভেশন বিষয়ক কর্মকান্ড পরিচালনা করা।
২. ইনোভেশন কার্যক্রম পরিচালনায় প্রয়োজনীয় মতামত প্রদান।
৩. ইনোভেশন কার্যক্রম পরিচালনার জন্য ব্যয় প্রাক্কলন।
৪. ডিএই ইনোভেশন কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থানের ব্যবস্থা করা।
৫. প্রতি মাসে কমপক্ষে ০১ (এক) বার ইনোভেশন টিমের সভার আয়োজন।
৬. বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী পরিচালিত কার্যকান্ডের প্রতিবেদন মহাপরিচালক বরাবর উপস্থাপন।
৭. প্রয়োজনে ইনোভেশন টিমে নতুন সদস্য অর্ন্তভুক্ত করা যাবে।

উদ্ভাবনী ল্যাব (Innovation Lab) এর কর্মপরিধিঃ

১. স্থানীয় কিন্তু বানিজ্যিক সম্ভাবনাময় লাভজনক ও টেকসই ইনোভেশনসমূহকে জাতীয়ভাবে ব্যবহারের সুযোগ তৈরি করা।
২. কৃষি ইনোভেশন বিষয়ক প্রয়োজনীয় মতামত প্রদান।
৩. কৃষির সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানকল্পে কৃষক, কৃষিবিদ, কৃষি সম্প্রসারণ কর্মী, শিক্ষার্থী, স্টার্টআপ ও উদ্ভাবকদের মাঝে উদ্ভাবনী ও চ্যালেঞ্জ প্রতিযোগিতার আয়োজন করা।

৪. কৃষি প্রযুক্তি সম্প্রসারণে ও সামগ্রিক কৃষি ক্ষেত্রে মৌলিক সমস্যাগুলো মোকাবিলায় জন্য উন্নত প্রযুক্তি বিশেষ করে ইলেক্ট্রো-মেকানিক্যাল ডিভাইস, ইন্টারনেট অফ থিংস (IoT), আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স, রোবোটিক্স, ম্যাসিভ ট্র্যাকিং, নবায়নযোগ্য শক্তির মাধ্যমে বিভিন্ন উদ্ভাবন অনুসন্ধান, পরিচর্যা, স্থায়িত্ব ও বাণিজ্যিকরণের লক্ষ্যে কাজ করবে।
৫. ইনোভেশন কার্যক্রম থেকে আয়োজিত সকল ধরনের প্রতিযোগিতা ও অন্যান্য সকল ধরনের নীতিমালা ও গাইডলাইন প্রণয়ন ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ।
৬. ইনোভেশন কার্যক্রম থেকে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতার মাধ্যমে নির্বাচিত ইনোভেশন সমূহের প্রোটোটাইপ প্রস্তুতকরণ।
৭. প্রোটোটাইপ প্রস্তুতকরণে প্রয়োজনে সংশ্লিষ্ট শিল্প ও শিক্ষা প্রতিষ্ঠান বা কৃষি বিশ্ববিদ্যালয় সমূহের বিশেষজ্ঞদের সাথে সমন্বয় ও যোগাযোগের ব্যবস্থা করা।
৮. সফল প্রোটোটাইপ টেকসই ও ব্যবহার উপযোগী সমাধানে রূপান্তরিত করতে ইনকিউবেশন প্রক্রিয়ার নীতিমালা অনুসরণ পূর্বক প্রোটোটাইপ থেকে মূল প্রোডাক্টে রূপান্তর শেষে বাণিজ্যিকীকরণের মাধ্যমে স্কেল-আপে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা।
৯. উদ্ভাবকের মেধাসত্ত্ব সংরক্ষণের জন্য কপিরাইট ও পেটেন্ট ফাইলিং এ সহায়তা প্রদান।
১০. বিভিন্ন সরকারি ও বেসরকারি খাত/ স্থানীয় সরকার বা দেশী বা বিদেশী কোন প্রতিষ্ঠান/ বিশ্ববিদ্যালয় অথবা এনজিও এর সাথে আন্তঃসমন্বয়ের মাধ্যমে প্রয়োজনীয় সম্পৃক্ততা তৈরি ও সুযোগ সৃষ্টি করা।
১১. কার্যক্রম ভিত্তিক উপকমিটি গঠন ও কর্মপরিশি নির্ধারণ।
১২. মেন্টর হিসেবে ডোমেইন বিশেষজ্ঞদের ডাটাবেজ তৈরি ও নিয়মিত হালনাগাদ রাখা।
১৩. মেন্টর, উদ্ভাবক, বিশেষজ্ঞ, সুবিধাভোগীদের মধ্যে নিয়মিত নলেজ শেয়ারিং এর ব্যবস্থা করা।
১৪. কৃষিতে তথ্য প্রযুক্তি ভিত্তিক উদ্ভাবনী চর্চার মাধ্যমে উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ।

৩০/০৮/২৪
২৬/০৮/২৪
মো: তাজুল ইসলাম পাটোয়ারী
মহাপরিচালক

নং- ১২.০১.০০০০.৮৩১.৪২.০০১.২৩.২৮৭ (২১)

তারিখ: ২৬ সেপ্টেম্বর ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১. পরিচালক (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
২. চীফ ইনোভেশন অফিসার, কৃষি মন্ত্রণালয়
৩. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪. উপ-পরিচালক (সার্ভিলেন্স এন্ড ফোরকাস্টিং), উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
৫. উপপরিচালক (ডিপ্লোমা এডুকেশন), প্রশিক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
৬. উপপরিচালক (আইসিটি ব্যবস্থাপনা) পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
৭. উদ্যান উন্নয়ন কর্মকর্তা, হটিকালচার উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
৮. সহকারী পরিচালক (অর্থ), অর্থ, হিসাব ও নিরীক্ষা শাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
৯. অতিরিক্ত উপপরিচালক (পার্সোনেল), প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
১০. প্রোগ্রামার, আইসিটি ব্যবস্থাপনা অধিশাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
১১. সহকারী প্রোগ্রামার, আইসিটি ব্যবস্থাপনা অধিশাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (প্রতি ইনোভেশন কর্নারে আপলোডের অনুরোধ সহ)

৩০/০৮/২৪
ড. মোঃ সাহিনুল ইসলাম
পরিচালক (প্রশাসন ও অর্থ উইং)